



শ্রেণি - ৯ম

বিষয়ঃ সাইন্স অব লিভিং

সময়ঃ ১ ঘণ্টা

তারিখঃ ২০-০৬-২০২০

প্রতিটি সমস্যা আমাকে আরও দক্ষ ও চৌকস করবে

জীবনে একধাপ এগিয়ে যাওয়ার একটি সহজ পথ হচ্ছে সমস্যাকে জয় করা। শ্রম দেহের শক্তি বাড়ায়। আর সমস্যা বা চ্যালেঞ্জ মনের শক্তি বাড়ায়। যেমন একজন সফল মানুষ সমস্যায় পড়লে বা চ্যালেঞ্জের মুখোমুখি হলে কখনো পিছিয়ে যান না বরং নতুন উদ্যমে সামনে এগিয়ে যান। আমরা মহীয়সী নারী হেলেন কেলারের নাম শুনেছি। তিনি বলেছেন, যখন সুখের একটি দরজা বন্ধ হয়ে যায় তখন অন্য একটি দরজা খুলে যায়। আমরা অধিকাংশই বন্ধ দরজার দিকে এত দীর্ঘ সময় তাকিয়ে থাকি যে খোলা দরজা দেখতে পাই না। আসলে প্রতিটি সমস্যার ভিতরে রয়েছে সম্ভাবনা। এক্ষেত্রে দৃষ্টিভঙ্গি ইতিবাচক হলেই সম্ভাবনার দ্বার খুলে যায়।

বিজ্ঞানীরা গবেষণায় দেখেছেন যে, কোনো মানুষ যখন সমস্যার দিকে বেশি মনোযোগ দেয় তখন তার মস্তিষ্ক সমাধানের পথ খুঁজে পায় না। কারণ ঐ সময়ে মস্তিষ্কে একটি নিউরনের সাথে আরেকটি নিউরনের সংযোগ হয় না। যার ফলে আমাদের মধ্যে দূর্শ্চিন্তা, অস্থিরতা কাজ করে। তাই সমস্যায় পড়লে ঠাণ্ডা মাথায় নতুন সমাধানের পথ খুঁজে বের করব।

প্রশ্ন

১. প্রতিকূলতা সবসময় একজন মানুষের অন্তর্গত শক্তিকে জাগ্রত করে। একটি সমস্যা কীভাবে মানুষকে দক্ষ ও চৌকস করে তোলে তা আলোচনা কর।
২. প্রতিকূলতাকে আমরা কীভাবে সম্ভাবনায় রূপান্তরিত করতে পারি পয়েন্ট সহ উদাহরণ দিয়ে ব্যাখ্যা কর।
৩. অন্য শিক্ষার্থীদের মতো নয় সঞ্জু দাসের জীবন। জন্ম থেকেই দুই হাত নেই। পায়ের ওপর ভরসা করেই জীবন চলে। তবে শারীরিক এই প্রতিকূলতা দমাতে পারেনি সঞ্জুকে। নিজের পা দুটোকেই লড়াইয়ের হাতিয়ার

করে নিয়েছে। ইচ্ছাশক্তিতে ভর করে পায়ে লেখার দক্ষতা অর্জন করে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা (জেএসসি) দিয়েছে। সঞ্জুর ইচ্ছার কাছে দারিদ্র্য ও প্রতিকূলতা দুটোই হার মেনেছে।

প্রতিকূলতা জয় করার জন্য একজন মানুষের ইচ্ছাশক্তি ছাড়াও আর কী কী প্রয়োজন হেঁটি পয়েন্টে ব্যাখ্যা কর।

**** আগামী বৃহস্পতিবার (২৫-০৬-২০২০) এর মধ্যে উত্তরপত্র সাবজেক্ট টিচার এর ইমেইল এড্রেস এ সাবমিট করতে হবে, ইমেইল এর সাবজেক্টে নিজের নাম এবং ক্লাশ অবশ্যই লিখতে হবে****

Subject Teacher : Junayed Hossain Chowdhury

Email: junayedtishad@gmail.com